

# বাংলাদেশ দূতাবাস

এথেন্স, গ্রীস

## প্রেস বিজ্ঞপ্তি

এথেন্স, ২৭ আগস্ট ২০১৯

### প্রবাসীদের জন্য কনসুলার সেবা বিষয়ক অডিও এবং ভিডিও প্রকাশ করলো এথেন্সে অবস্থিত বাংলাদেশ দূতাবাস

কনসুলার সেবা বিষয়ক তথ্য প্রবাসীদের কাছে আরও সহজে পৌঁছে দিতে, এথেন্সে অবস্থিত বাংলাদেশ দূতাবাস কনসুলার সেবার তথ্য সংবলিত বিভিন্ন অডিও এবং ভিডিও প্রকাশ করেছে। দূতাবাসের ওয়েবসাইট, ফেসবুক পেইজ, এবং ইউটিউব চ্যানেলের মাধ্যমে এই অডিও এবং ভিডিও প্রকাশ করা হয়।

২৭ আগস্ট ২০১৯ তারিখে এই উদ্যোগ উদ্বোধন করেন গ্রীসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব মো. জসীম উদ্দিন। উদ্বোধন কালে গ্রীসে নিযুক্ত বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত জনাব মো. জসীম উদ্দিন বলেন - মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ডিজিটাল বাংলাদেশ নীতিমালা প্রবাসী সেবার ক্ষেত্রে বিস্তৃত করার লক্ষ্যেই কনসুলার সেবা বিষয়ক অডিও এবং ভিডিও প্রকাশ করা হয়েছে। এই প্রকল্পের ফলে সর্বস্তরের প্রবাসীরা সহজে কনসুলার সেবা বিষয়ক তথ্য জানতে পারবে এবং সেবা গ্রহণ সহজতর হবে। রাষ্ট্রদূত আরো বলেন যে - এর মধ্য দিয়ে দূর-দূরান্তে বসবাসকারী প্রবাসীরা অতি সহজে তাদের স্মার্ট ফোনেই কনসুলার সেবা বিষয়ক তথ্য দেখতে এবং শুনতে পাবে। অনলাইনে সহজে সেবা প্রাপ্তি নিশ্চিত করার জন্য বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের 'দূতাবাস' অ্যাপসের কথাও উল্লেখ করে রাষ্ট্রদূত প্রবাসীদের অনলাইনে সেবা গ্রহণে উৎসাহিত করেন।

কনসুলার সেবা সংক্রান্ত অডিও এবং ভিডিও প্রকাশনা উপলক্ষে দূতাবাস থেকে জানানো হয় যে, সরকারের প্রবাসী বান্ধব নীতিমালা ডিজিটাল বাংলাদেশ ধারণাকে প্রবাসীদের সেবার জন্য প্রয়োগ করতে বাংলাদেশ দূতাবাস এথেন্স নিরন্তর বিভিন্ন উদ্ভাবনী কার্যক্রম গ্রহণ করে যাচ্ছে। এই কনসুলার সেবা বিষয়ক অডিও এবং ভিডিও সে রকমই একটি উদ্ভাবনী উদ্যোগ। এর মাধ্যমে গ্রীস, মাল্টা বা আর্মেনিয়ায় বসবাসকারী প্রবাসীরা অতি সহজে কনসুলার সেবা বিষয়ক তথ্য জানতে পারবে। দূতাবাস মনে করে যে - সঠিক তথ্য সহজে জানতে পারলে সেবা গ্রহণের জটিলতা দূর হয় এবং প্রবাসীরা প্রস্তুতি নিয়ে সেবার জন্য দূতাবাসে আসতে পারে।

রাষ্ট্রদূত মো. জসীম উদ্দিনের নির্দেশনায় কনসুলার সেবা বিষয়ক অডিও/ভিডিও কার্যক্রমের সার্বিক সমন্বয় করেন দূতাবাসের প্রথম সচিব সুজন দেবনাথ। এই প্রকল্পে কণ্ঠ দিয়েছেন এথেন্সে বসবাসকারী বাংলাদেশী প্রবাসী শিক্ষিকা মিসেস মেহের নীগার সুরভী।

এই অডিও এবং ভিডিও প্রকাশ উপলক্ষে প্রবাসী নেতৃবৃন্দ এবং সর্বস্তরের প্রবাসীরা উচ্চাঙ্গ প্রকাশ করেন। তারা এই সুন্দর উদ্যোগের জন্য দূতাবাসকে ধন্যবাদ জানান এবং তারা মন্তব্য করেন যে- এর মধ্য দিয়ে দক্ষ, অদক্ষ, শিক্ষিত, নিরক্ষর নির্বিশেষে সবার কাছে কনসুলার সেবা বিষয়ক তথ্য পৌঁছে যাবে এবং সেবা গ্রহণ সহজতর হবে।